



# বাংলাদেশ বার কাউন্সিল BANGLADESH BAR COUNCIL

A Statutory Autonomous Body of the Government Constituted Under President's Order No. 46 of 1972  
Bar Council Bhaban, 3, Shahid Capt. Mansur Ali Sarani, Shahbag, Dhaka - 1000, Bangladesh  
Phone: PABX: +88-02-9567056, +88-02-9569807, +88-02-9569809 Fax: +88-02-9554959  
Email: info@barcouncil.gov.bd, bangladeshbarcouncil@gmail.com  
www.barcouncil.gov.bd


নং বা.বা.কা/২০১৬/৪১৮১ (৩০)

তারিখঃ ১৭-১০-২০১৬ খ্রিঃ

## সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বার কাউন্সিল ট্রাইবুনাল নং ০৫ কর্তৃক গত খ্রিঃ ১৫/১০/২০১৬ তারিখে ০৩/২০১৬ নং অভিযোগ মোকদ্দমায় প্রতিপক্ষ ঢাকা আইনজীবী সমিতির সদস্য জনাবা মিনারা খাতুন লাকি, অ্যাডভোকেট এর বিরুদ্ধে আনীত পেশাগত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় তাহাকে আইন পেশা হইতে অপসারণ করা হইয়াছে।

প্রতিপক্ষ অ্যাডভোকেট জনাবা মিনারা খাতুন লাকির বিরুদ্ধে বাদিনী মোসাম্মৎ বিউটির অভিযোগ হইল যে, তিনি বাদীর স্বামীকে একটি দায়রা মোকদ্দমায় (যাহার নম্বর: ৩৪০/২০১১) জামিন করিয়া দিবেন মর্মে একটি ভূয়া, বানোয়াট ও সাজানো জামিন নামা এবং রিলিজ আদেশ সৃষ্টি করিয়া বাদীর নিকট হইতে অতিরিক্ত অর্থ আদায় করার উদ্দেশ্যে এই মোকদ্দমার বাদিনী/অভিযোগকারীনির সাথে প্রতারণা করিয়াছেন। তৎপর মোকদ্দমাটি একতরফা শুনানী অন্তে গত খ্রিঃ ১৫/১০/২০১৬ তারিখে প্রতিপক্ষের বিরুদ্ধে ভূয়া, বানোয়াট ও সাজানো জামিন নামা এবং রিলিজ আদেশ সৃষ্ণের বিষয়টি সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় পেশাগত অসদাচরণের দায়ে ৫ নং ট্রাইবুনালের চেয়ারম্যান জনাব মোঃ পারভেজ আলম খান ও সদস্য জনাব মোঃ মাসুদ সালাউদ্দিন কর্তৃক ঢাকা আইনজীবী সমিতির সদস্য প্রতিপক্ষ জনাবা মিনারা খাতুন লাকি, অ্যাডভোকেট - কে আইন পেশা হইতে স্থায়ীভাবে অপসারণের এই রায় প্রদান করিয়াছেন।

  
(কামনাশীষ রায়) ১৭-১০-২০১৬ খ্রিঃ

বেঞ্চ-অফিসার, ট্রাইবুনালস্  
বাংলাদেশ বার কাউন্সিল।